দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 8 1999
পৃঃ ৪ কলাম ৩

40

## ভূমি আইন পাঠ্যপুস্তকের অন্তর্ভুক্ত করা হউক

ভূমি আইন একটি গুরুত্বপূর্ণ বিষয়। অথচ এ সম্পর্কে অধিকাংশ লোকেরই কোনরূপ ধারণা নাই। এমনকি অনেক উচ্চশিক্ষিত লোকও ভূমি আইন সম্পর্কে অজ্ঞ। এ আইন সম্পর্কে লোকজনের কোনরূপ ধারণা না থাকার দরুন তাহারা বিভিন্ন সময় বিভিন্নভাবে প্রতারণার শিকার হইতেছেন। বর্তমানে দেশে ভূমি জরিপ চলিতেছে। জরিপ সম্পর্কে উঠিতেছে নানা ধরনের অভিযোগ। অনেকে জরিপের নামে হয়রানির শিকার হইতেছেন বলিয়া সুনির্দিষ্ট অভিযোগ উঠিয়াছে। ভূমি আইন সম্পর্কে অজ্ঞ থাকার দরুনই এসব ঘটিতেছে বলিয়া প্রতীয়মান। অথচ আমাদের স্কুল-কলেজের পাঠ্যপুস্তকে এসব সম্পর্কে কোনরূপ আলোচনা নাই। তাই পাঠ্যপুস্তকে ভূমি আইন অন্তর্ভুক্ত করিয়া জনগণকে ভূমি আইন জানার সুযোগ করিয়া দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

মুহাম্মদ আতিক দর্জি,
ক-২০৩ খিলক্ষেত নামাপাড়া,
ঢাকা-১২২৯।